গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাজেট শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

## বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি: | মোহাম্মদ বেলায়েত হোসেন<br>সচিব, সেতু বিভাগ। |
| স্থান: | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সভাকক্ষ |
| তারিখ: | ০৭ মে ২০২০ |
| সময়: | বেলা ১১.৩০ ঘটিকা |
| উপস্থিতি: | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার শুরুতে দেশব্যাপী অপ্রত্যাশিত করোনা ভাইরাস সংক্রমনের প্রেক্ষাপটে সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং এর আওতাধীন চলমান সকল প্রকল্পে কর্মরত সংশ্লিষ্ট সকলকে সতর্কতামূলক স্বাস্থ্য নিরাপত্তা বিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। বিশেষত: এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ নির্দেশনা প্রতিপালনের বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ হতে গত ২৭ এপ্রিল ২০২০ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৯-৭৪৯ সংখ্যক বাজেট পরিপত্র-২ জারি করা হয়েছে। উক্ত পরিপত্রে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে ত্রিপক্ষীয় সভায় সম্মত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও ব্যয়সীমার আলোকে বিস্তারিত বাজেট প্রাক্কলন প্রয়োজনে সংশোধন/পূননির্ধারণ করে আগামী ১২ মে ২০২০ তারিখের মধ্যে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়েছে। উক্ত পরিপত্রের ১(ক), ও (খ) তে সেতু বিভাগের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার প্রাক্কলন ও প্রক্ষেপন প্রদান করা হয়েছে। সেতু বিভাগের জন্য প্রস্তাবিত ব্যয়সীমার মধ্যে ২০২০-২১ অর্থবছরের পরিচালন বাজেট প্রাক্কলন সংশোধন/পূর্ণনির্ধারণ ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপন প্রস্তুত করা হয়েছে। বর্ণিত বাজেট পরিপত্রের আলোকে সেতু বিভাগের বাজেট ওয়ার্কিং গ্রুপ গত ০৫ মে ২০২০ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার মাধ্যমে ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রাক্কলন এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপনসহ সেতু বিভাগের খসড়া বাজেট কাঠামো সুপারিশ করেছে। বাজেট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক সুপারিশকৃত সেতু বিভাগের বাজেট কাঠামো পর্যালোচনা ও অনুমোদন এ সভার মূল উদ্দেশ্য। সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

### ১. সেতু বিভাগের বাজেট কাঠামো পর্যালোচনা:

### ১.১ সেতু বিভাগের ২০২০-২১ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা প্রাক্কলন ও ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপন:

উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, বাজেট পরিপত্র-২ এর মাধ্যমে ২০২০-২১ অর্থবছরে এ বিভাগের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১৮.৫৫ কোটি টাকা এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন যথাক্রমে ২১.১৫ কোটি ও ২৩.৬৯ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (অর্থ ও হিসাব) জানান উক্ত রাজস্ব বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের লভ্যাংশ হতে পরিশোধ করা হয়।

**সিদ্ধান্ত :**
এ বিভাগের ২০২০-২১ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১৮.৫৫ কোটি টাকা এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন যথাক্রমে ২০.৪০ কোটি ও ২২.৪৪ কোটি টাকা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উপর নির্ধারণ করা হলো।

### ১.২ ব্যয়সীমা বিভাজন (পরিচালন ও উন্নয়ন):

মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় অর্থবিভাগ কর্তৃক সেতু বিভাগের ২০২০-২১ অর্থবছরের প্রাথমিক ব্যয় সীমা ৯৪১৯.৮৮ (নয় হাজার চারশত উনিশ কোটি আটাশি লক্ষ) টাকা এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপন যথাক্রমে ১০৩৬১.৮৭ (দশ হাজার তিনশত একষট্টি কোটি সাতাশি লক্ষ) এবং ১১৩৯৮.০৬ (এগার হাজার তিনশত আটানব্বই কোটি ছয় লক্ষ) টাকা নির্ধারণ করা হয়েছিল। পরবর্তীতে গত ২৩/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় ২০২০-২১ অর্থবছরের বাজেটে ব্যয়সীমা ১৬২৯.৩৬ (এক হাজার ছয়শত উনত্রিশ কোটি ছত্রিশ লক্ষ) টাকা হ্রাস করা হয়। বাজেট পরিপত্র-২ সংযুক্ত পরিশিষ্ট ১(খ) এর মাধ্যমে ত্রিপক্ষীয় সভায় সম্মত ব্যয়সীমা অপেক্ষা পূণরায় ২০৭.০৫ (দুইশত সাত কোটি পাঁচ লক্ষ) টাকা হ্রাস করা হয়েছে।

চলমান পাতা/২

সেতু বিভাগের ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপন এবং গত ২৩/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় সম্মত ব্যয়সীমা এবং বাজেট পরিপত্র-২ এর পরিশিষ্ট-১(খ) অনুযায়ী সেতু বিভাগের ব্যয়সীমার তুলনামূলক চিত্র নিম্নরূপ:

| বিবরণ | প্রাক্কলন ২০২০-২১ | | | | | মোট ব্যয়সীমা | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পরিচালন | উন্নয়ন | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ |
| | | জিওবি | পিএ | থোক | মোট উন্নয়ন | | | |
| প্রাথমিক ব্যয়সীমা | ৯৪১৯.৮৮ | | | | | | ১০৩৬১.৮৭ | ১১,৩৯৮.০৬ |
| সেতু বিভাগের প্রস্তাব | ৬.০০ | ৭৪২৪.৮৯ | ৯৫৪.৯৯ | ৪০.০০ | ৯৮১৯.৮৮ | ৯৮২৫.৮৮ | ১০৩৬১.৮৭ | ১১,৩৯৮.০৬ |
| ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত | ৫.৭৬ | ৭২০৪.৮৯ | ৯৫৪.৯৯ | ৩০.০০ | ৮১৯৫.৬৮ | ৮১৯৫.৬৮ | ৮,৬০৫,.৪২ | ৯০৩৫.৬৯ |
| বাজেট সার্কুলার -২ | ৫.৭৬ | ৭০১৭.৮৪ | ৯৫৪.৯৯ | -- | ৭৯৭২.৮৩ | ৭৯৭৮.৫৯ | ৮৭৭৬.৪৫ | ৯৬৫৪.১০ |

পরিবর্তিত পরিস্থিতিতে সেতু বিভাগের বাজেট ওয়ার্কিং গ্রুপ নিম্নছক অনুযায়ী বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপন সুপারিশ করেছে।

(অংকসমূহ কোটি টাকায়)

| বাজেট প্রাক্কলন ২০২০-২১ | | | | মোট ব্যয়সীমা | প্রক্ষেপণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| পরিচালন | উন্নয়ন | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
| | জিওবি | পিএ | উপমোট উন্নয়ন | | পরিচালন | উন্নয়ন | পরিচালন | উন্নয়ন |
| ৫.৭৬ | ৭০১৭.৮৪ | ৯৫৪.৯৯ | ৭৯৭২.৮৩ | ৭৯৭৮.৫৯ | ১০.০০ | ৮৭৬৬.৪৫ | ১১.০০ | ৯৬৪৩.১০ |
| | | | | | মোট= ৮৭৭৬.৪৫ | | মোট= ৯৬৫৪.১০ | |

**সিদ্ধান্ত:**
বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ অনুযায়ী সেতু বিভাগের জন্য প্রস্তাবিত ব্যয়সীমার মধ্যে আলোচনা অংশে প্রদর্শিত বিভাজন অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন বাজেট প্রাক্কলন এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন ব্যয়ের প্রক্ষেপন সর্বসম্মতভাবে অনুমোদন করা হল।

**১.৩ পরিচালন ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপন:**
উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ জানান যে সেতু বিভাগে বিদ্যমান জনবল কাঠামোভুক্ত ৫ জন প্রশাসনিক কর্মকর্তা, ৬ জন ব্যক্তিগত কর্মকর্তা, ১ জন প্রোগ্রামার ১ জন সহকারী প্রোগ্রামার ও ১জন সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার নিয়োগের বিষয়টি বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তাছাড়া ৬ জন কম্পিউটার অপারেটর নিয়োগ এ বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া বিদ্যমান জনবল কাঠামো সংশোধন করে অতিরিক্ত ৫৫টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিবেচনাধীন রয়েছে। সার্বিক বিবেচনায় বাজেট ওয়ার্কিং গ্রুপ বর্ণিত প্রেক্ষাপটে সেতু বিভাগের ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের পরিচালন ব্যয়ের প্রক্ষেপন বৃদ্ধি করার সুপারিশ করেছে।

**সিদ্ধান্ত :**
বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ অনুযায়ী সেতু বিভাগের ২০২০-২১ অর্থবছরের পরিচালন বাজেট প্রাক্কলন এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপন নিম্নবর্ণিতভাবে নির্ধারণের প্রস্তাব অনুমোদন করা হলো:

(অংকসমূহ কোটি টাকায়)

| বিবরণ | প্রস্তাবিত প্রাক্কলন ২০২০-২১ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২১-২২ | ২০২২-২৩ |
| উপমোট পরিচালন | ৫.৭৬.০০ | ১০.০০ | ১১.০০ |

**১.৪ উন্নয়ন ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপন:**
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক (মনিটরিং) জানান যে সেতু বিভাগের উন্নয়ন ব্যয়সীমার মধ্যে প্রকল্প পরিচালকগণের সাথে আলোচনা করে বর্তমানে চলমান প্রকল্পসমূহের বিপরীতে জিওবি ও প্রকল্প সহায়তা বাবদ নিম্নবর্ণিতভাবে ব্যয় বিভাজনের প্রস্তাব বাজেট ওয়ার্কিং গ্রুপ সুপারিশ করেছে।

চলমান পাতা/৩

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | | বাজেট প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| ১ | পদ্মা বহুমুখী সেতু নির্মাণ (২য় সংশোধিত) | জিওবি | ৫০০০০০.০০ | ১৭৫৬০০.০০ | ০.০০ |
| ২ | সাপোর্ট-টু-ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ (১ম সংশোধিত) | জিওবি | ৪৬৬৯৮.০০ | ৩৪৫৪১.০০ | ৩৯১৪.০০ |
| ৩ | কর্ণফুলী নদীর তলদেশে বহুলেন সড়ক টানেল নির্মাণ (১ম সংশোধিত) | জিওবি | ৭০০০০.০০ | ৯৬১০৭.০০ | ৮৩৬৫১.০০ |
| | | প্রকল্প সাহায্য | ৮৫০০০.০০ | ৮০০০০.০০ | ৮৮২০০.০০ |
| | | মোট | ১৫৫০০০.০০ | ১৭৬১০৭.০০ | ১৭১৮৫১.০০ |
| ৪ | ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | জিওবি | ৬৫০০০.০০ | ১৩৯৩৪০.০০ | ৩৪৬১১৫.০০ |
| | | প্রকল্প সাহায্য | ১০৪৯৯.০০ | ৩২৫১২৬.০০ | ১৪৭৬২১.০০ |
| | | মোট | ৭৫৪৯৯.০০ | ৪৬৪৪৬৬.০০ | ৪৯৩৭৩৬.০০ |
| ৫ | ঢাকা শহরে সাবওয়ে (আন্ডারগ্রাউন্ড মেট্রো) নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা | জিওবি | ১৩৯৯২.০০ | ২০০০.০০ | ০.০০ |
| ৬ | কচুয়া-বেতাগী-পটুয়াখালী-লোহানিয়া-কানাইয়া সড়কের ১৭ কিলোমিটারে পায়রা নদীর ওপর সেতু নির্মাণ | জিওবি | ৪০৯৪.০০ | ২০২৯৮.০০ | ২০২১২.০০ |
| ৭ | থোক | জিওবি | ২০০০.০০ | ৪০০০.০০ | ২৭৫০০০.০০ |
| | **উপমোট (উন্নয়ন)** | জিওবি | ৭০১৭৮৪.০০ | ৪৭১৮৮৬.০০ | ৭২৮৮৯২.০০ |
| | | প্রকল্প সাহায্য | ৯৫৪৯৯.০০ | ৪০৫১২৬.০০ | ২৩৫৮২১.০০ |
| | | **মোট** | **৭৯৭২৮৩.০০** | **৮৭৭০১২.০০** | **৯৬৪৭১৩.০০** |

**সিদ্ধান্ত:**

বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ মোতাবেক সেতু বিভাগের অধীনস্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বিপরীতে জিওবি ও প্রকল্প সহায়তা বাবদ ২০২০-২১ অর্থবছরের উন্নয়ন বাজেট প্রাক্কলন এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপন আলোচনা অংশে প্রদর্শিত বিভাজন অনুযায়ী সর্বসম্মতভাবে অনুমোদন করা হল।

০৩. সভায় আলোচ্য আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.০৫.২০২০

(মোহাম্মদ বেলায়েত হোসেন)
সচিব, সেতু বিভাগ।

নম্বর: ৫০.০০.০০০০.৪০১.২০.০০২.১৯-৪৩৪

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৭ / ০৭ মে ২০২০

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব,বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা ।
৩. নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৪. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৮. পরিচালক (প্রশাসন)/(অর্থ ও হিসাব)/(পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৯. প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১০. প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১১. উপসচিব (উন্নয়ন)/বাজেট)/(প্রশাসন), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১৫. প্রোগ্রামার, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা [কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৭/৫/২০

(মুহাম্মাদ রেজায়ে রাব্বী)
উপসচিব (বাজেট)
ফোন: ৫৫০৪০৩৪৩
rabbi15547@gmail.com